

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসেবে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেন চার্টার বিষয়ে
অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মাহফুজুর রহমান, উপপরিচালক (খনি ও খনিজ)(চ.দা), বিএমডি
তারিখ : ১৩.০৪.২০২১ খ্রি.
সময় : দুপুর ৩.০০ ঘটিকা
সভার স্থান : রেভিনিউ ডেপুটি কালেক্টরের কার্যালয়, হবিগঞ্জ
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসেবে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেন চার্টার বিষয়ে আলোকপাত করেন। সভায় রেভিনিউ ডেপুটি কালেক্টরের কার্যালয়, হবিগঞ্জ-এর কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও বিভিন্ন উপজেলার সিলিকা বালু ব্যবসায়ী এবং সর্বস্তরের জনসাধারণ উপস্থিত ছিলেন। সভায় সভাপতি বলেন, সভাপতি বলেন, সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী, দপ্তর প্রধানের বদলীজনিত কারণে করায় সিটিজেন চার্টার হালনাগাদ করা প্রয়োজন। সভাপতি আরও বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী সিটিজেন চার্টার প্রস্তুত করা হয়েছে। সিটিজেন চার্টারের উল্লিখিত সেবাসমূহ অনলাইন জিআরএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভুক্ত হয়েছে। সিটিজেন চার্টার হালনাগাদকরণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছিলো। কমিটি কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী নিয়মিত সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণ করেছে। সভায় উপস্থিত সর্বসাধারণের অবগতির জন্য তিনি আরও জানান, কর্মকর্তাদের নাম, মোবাইল নম্বর এবং ই-মেইল দেওয়া আছে যাতে সেবাগ্রহীতাদের সেবা পেতে সহজ হয়। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট সেহেতু নাগরিক সেবাকে আরো অধিকতর সহজ করার জন্য বিএমডি কর্তৃক প্রদত্ত সেবাকে ই-সেবাই রূপান্তরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, ইতোমধ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর দাপ্তরিক সেবাসমূহ-কে ডিজিটাল সেবায় রপান্তরের নিমিত্ত এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের যৌথ উদ্যোগে 'ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। তৎপ্রেক্ষিতে হবিগঞ্জ জেলার সিলিকা বালু কোয়ারিসমূহের আগামী ১৪২৮-১৪২৯ বাংলা সনের জন্য ইজারা প্রদান প্রক্রিয়াটি ডিজিটাল পদ্ধতিতে esheba.bomd.gov.bd লিংক-এর মাধ্যমে অনলাইনে দাখিল করা যাবে। ইজারা প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানের সকল তথ্যাদি হালনাগাদকরণ করে সিলিকা বালু কোয়ারির দরপত্রে অংশ গ্রহণ করতে হবে।

২.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ মাহফুজুর রহমান)

উপপরিচালক (খনি ও খনিজ)(চলতি দায়িত্ব)

ফোন : ৮৩৯১৪৩৮


ই-মেইল : ddmine@bomd.gov.bd

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২(অংশ-৫).৩৫৫

তারিখ : ০৫ বৈশাখ ১৪২৮
১৮ এপ্রিল ২০২১

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। জেলা প্রশাসক, হবিগঞ্জ (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ জেলা, হবিগঞ্জ;
- ৫। রেভিনিউ ডেপুটিকালেক্টর (আরডিসি), হবিগঞ্জ (বর্ণিত সভা অনুষ্ঠানে সার্বিক সহায়তা ও অগ্রণী ভূমিকা পালন করায় ধন্যবাদ জ্ঞাপন করা হলো);
- ৬। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা (সকল), হবিগঞ্জ;
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৮। সংশ্লিষ্ট নথি/অফিস কপি।



(মোঃ মাহফুজুর রহমান)

উপপরিচালক (খনি ও খনিজ)(চলতি দায়িত্ব)